# সেই আড্ডা - কিছু কথা, কিছু স্মৃতি!

শুরুতে আমি দুবার মাফ চেয়ে নেব। প্রথমতঃ, অধ্যয়নে আড্ডাকে প্রাধান্য দেবার জন্য এবং Dhaka Universityর স্মৃতিচারণে আড্ডাকে একমাত্র বিষয় হিসেবে নির্বাচনের জন্য। অনেকটা বিপদজনকভাবে একজন DU-Professor এর প্রশ্নবাণে আহত হবার সম্ভাবনাঃ 'আড্ডা কিভাবে শ্রেণীশিক্ষকের পাঠদানের সম্পূরক এবং effective way of teaching and learning হল?' যুক্তি - ১৯৮০র দশকের গোড়ার দিকে structuralism এবং বিভিন্ন প্রজাতির বস্তুবাদের সংঘাতের অনেকদূর প্রভাবকে পূজি করে অনেক সহপাঠী বেশকিছু গবেষণাগ্রন্ত লিখতে সক্ষম। সেই আড্ডায় আহরিত critical study module এর প্রভাব অনেকটাই উজ্জল।

স্মৃতিতে ভেসে আসছে অনেকগুলো আড্ডা - IBA canteen এর আড্ডা; শরীফ মিয়ার ক্যান্টিনের আড্ডা; British council এর বড় বড় money plant ঘেরা Lovers' bower এর আড্ডা আর মধুর ক্যান্টিনের আড্ডা।

IBAএর আড্ডার আলোচনার বিষয়বস্তু অনেক সময় ইহার সূচনার ইতিহাসকে অবজ্ঞা করে। ক্যান্টিন যেহেতু IBA building এ অবস্তিত, সেই সুবাদে ইহার নামকরণ। আড্ডার স্তায়িত্তকাল ছয় বৎসর। একমাত্র নারীচরিত্র সহযোগে আড্ডার সদস্য সাত সহপাঠী বন্ধু। English lit lecture attend করেই সাতজন মিলিত হত ক্যানটিনে। English lit student হিসেবে English Litearary আলোচনা দিয়ে শুরু হলেও বাংলা বা Carribean থেকে শুরু করে World literature এবং কলার অন্যান্য শাখাও আলোচনার বাহিরে থাকত না। মধ্যে কারও subsidiary lecture বা tutorial না থাকলে পাক্কা ২:৩০মিনিট পর্যন্ত বিরতিহীন চলত। মূল পানীয় চা। Carbohydrate হিসেবে একটা অথবা দুইটা সিংগারা। দুয়েকটা সিগারেট - তাও একা পানের জো নেই। সবার সাথে শেয়ার করার অলিখিত নিয়ম চালু ছিল। অবশ্য, অনুপম বা মাজহার ছাড়া বাকীরা সবাই casual বা non-smokers।

আড্ডায় সাহিত্যের বিভিন্ন ধরণের textual analysis and interpretationএর জন্য সবাইকে প্রস্তুত হয়ে আসতে হত। নাহলে, সতির্থের দ্বারা outsmart হওয়ার সম্ভাবনা। Material এর source হিসেবে ছিল British Council Library - DU library বা English Department's Seminar library নিতান্তই সাবেকী এবং অপ্রতুল। Naipaul, Bellow, Kamu, Kafka, শামসুর রহমান, শহীদ কাদরী, নির্মলেন্দু গুন - সবাই জীবন পেত আড্ডায়।

IBA এর আড্ডার সাথে এক বিশেষ করুণ কাহিনী জড়িয়ে আছে। নারীবর্জিত আসরে নারীচরিত্রের আবির্ভাব একেবারে অপ্রত্যাশিত না হলেও তা ছিল দূর্লভ। একদিন রাকা এল। English department এ সে সহপাঠী। সাহিত্যবিষয়ক আলোচনা তার বিশেষ পছন্দ। মে মাসের এক ভ্যাপসা গরমের দিনে সে এসেছিল।
অনুপম জিজ্ঞাসু চোখে তাকালঃ
'এই পার্থিব mundane দিনে ততোধিক অসহ্য আসরে কি ভেবে অপার্থিব রুপসীর আগমন?'
একটু হেসে সে উত্তর দিল - 'এমন দিনেই তো তর্কে যোগ দিতে হয়!'

এখানে উল্লেখ্য - আসরের romantic সদস্য মিনহাজ ওকে tigress উপাধি দিয়েছিল। সেই titleএর সম্মান সে তার জীবদ্দশায় প্রশ্নাতীতভাবে রেখেছিল। সেদিন Shakespearean tragedy <u>King Lear</u> নিয়ে তুমুল বাকবিতন্ডা। নাটক খানি কি positive or negative tragedy তাই ছিল আলোচ্য। অনুপম এবং রাকা প্রমানে মহাব্যস্ত - সেটা একটা negative tragedy ছাড়া কিছু নয়? এই দীর্ঘ আলোচনার ফাঁকে ফাঁকে চা সিংগারা চলতে থাকল। তা অবশ্যই রাকা হকের টাকায়। অন্যান্য সদস্যদের মুলধন পাঁচ টাকা সকালেই শেষ হয়ে যায়। যখন দুইটা বেজে পাঁচ মিনিট রাকা লাফ দিয়ে উঠল এবং শশক গতিতে বেড়িয়ে গেল - 'discussion pending থাক। আমি কাল এলে আবার শুরু হবে।' কে জানত তার সেই discussion এই জীবনে pendingই থেকে যাবে।

অনুপম ও মাজহার IBAএর আড্ডা থেকে শরীফ মিয়ার ক্যান্টিনে চলে এসেছে। শাহমান হাঁপাতে হাঁপাতে দুঃসংবাদটা দিল -'রাকা বাসায় ফিরার পথে বাংলা মটরের মোড়ে ট্রাকের নীচে চাপা পড়ে - খুব সম্ভবত 'she died on the spot।' অনুপম ও মাজহার চিৎকার করেঃ 'It can't be, buddy! You're just making it up. You liar!'

আজও কোন একান্তই আপনার মুহুর্তে শ্রীমতি রাকা হক এসে সামনে দাঁড়ায়, 'অনুপম তুমি দেখো, we shall overcome all hurdles - আমরা জিতব!'
'সেটা কি সম্ভব?' অনুপম শুধায়।

Department of English এ মইনুল-sir(সদ্য প্রয়াত) তখন T.S. Eliot পড়াচ্ছেন। পড়ানো মানে introductory lecture এবং general discussion দিয়েই শেষ। প্রকৃত বিশ্লেষণ ও interpretation হয় এই আড্ডায়। আড্ডার সদস্যরা Eliot's 'The Love-Song of J. Alfred Prufrock" পুরো memorise করে ফেলে।

একদিন সবাই ৮:৩০এর lecture শেষে IBA তে জড়ো হয়েছে। একমাস ছুটির পর সবাই উৎফুল্ল। খানিকটা পরে রাকা এলো। এসেই অনুপমের উদ্দেশ্যে নাটকীয়ভাবে Eliot থেকে recite করলঃ "I am Lazarus, come from the dead,
Come back to tell you all, I shall tell you all" -
অনুপমের উত্তরঃ "No, you have come from Chittagong and you'll never tell me all!"
পুনরায় অনুপম Eliot থেকে আবৃত্তি করলঃ
No! I am not Prince Hamlet, nor was meant to be;
Am an attendant lord, one that will do
To swell a progress, start a scene or two
Advise the prince; no doubt, an easy tool,
Deferential, glad to be of use,
Politic, cautious, and meticulous;
Full of high sentence, but a bit obtuse;
At times, indeed, almost ridiculous -
Almost, at times, the Fool . . .

রাকা ও তার family Chittagong এ তাদের গ্রামের বাড়ীতে বেড়াতে গিয়েছিল। জীবনে প্রথমবারের মত সমুদ্র পারের চট্টলায় যাওয়া – সে খুবই excited ছিল।

আরেকটা Shakespearean passage রাকা কারণে অকারণে আওড়াতঃ
To be, or not to be: that is the question:
Whether 'tis nobler in the mind to suffer
The slings and arrows of outrageous fortune,
Or to take arms against a sea of troubles,
And by opposing end them? To die: to sleep;
. . .
But that the dread of something after death,
The undiscover'd country from whose bourn
No traveller returns, puzzles the will
And makes us rather bear those ills we have
Than fly to others that we know not of?

অনেক মুহূর্তে অনুপম believe করতে শুরু করল – শ্রীমতি রাকা হক মরণের সাথে আবদ্ধ।

রাকার অন্তর্ধান সবার জন্য devastating। অনুপম ও মিনহাজের জন্য জীবন দুর্বিসহ। অনুপম তো ওজন হারাতে হারাতে ৪৫ কেজিতে দাঁড়াল। মুখে অনাদরে বেড়ে উঠা দাঁড়ি। মাথায় লম্বা middle এ সিঁথী বাঁবড়ী চুল। অনেকটা মাইকেল মধুসূদন ও দেবদাসের combination।

জীবন সেতো বহতা নদী। কারও জন্য থেমে যাবে না। Department এ এবারে topic - Ernest Hemingway - American writer, পাঠদানে খুরশীদ আলম sir।

Hemingway এর Philosophy - 'শূন্যতায় জীবনের সমাপ্তি' – আড্ডাকে প্রাণদান করল। NADA - means nothing - nihilistic অথবা নীরাশা নামক philosophyর বিষয়বস্তু। আবার জীবনানন্দ দাশের 'কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালবাসে?' আপ্তবাক্য সবাইকে রাকা বিষয়ক অধ্যায়কে দূরে সরিয়ে রাখতে সাহায্য করলেও অনুপম কি পেরেছে সেই chapter close করতে?

এরপরে আসছে শরীফ মিয়ার ক্যান্টিনের আড্ডা। DU লাইব্রেরীর সামনে ফুটপাথ ঘেষে বাঁশের বেড়া ছোটখাট টিনশেড বড় বড় DU Buildings এর মাঝখানে সভ্যতাসমূহের প্রতিযোগিতার প্রতীক হিসেবে প্রতিভাত হত। আজ শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করতে হয় সেই মহানুভব ব্যক্তি শরীফ মিয়া তাঁর সহযোগী রমজান মিয়া এবং অসংখ্য নামহীন কিশোরদের। সম্ভবতঃ, সেই ক্যান্টিনের আজ কোন নাম নিশানাও নেই।

তখন গুজ্জন ছিল, শরীফসসের আড্ডা arts faculty র আঁতেলদের জন্য। অনুপম যখন সেখানে

দ্বিতীয় বর্ষের ছাত্র হিসেবে join করল, তখন আক্কাস পয়গম্বর আসরের গদীনসীন মধ্যমণি। International Relations এ MA final এর তুখোড় ছাত্র - অবশ্য গত ২/৩ বৎসর যাবত তাই। কারণ পিতার আদরের সন্তান হিসিবে Yahama motor-bike এর মালিক। উনি শরীফ চত্তরে আসতেন সাত সকালেই - প্রথমে ২ঘন্টা ব্যয় করতেন British Council Library তে পড়াশুনায়। তারপরের ঘন্টাদুয়েক ক্যান্টিনের সামনে দাঁড় করানো bike উপর বসে Cricket in Brain অথবা Cold War and Diplomatic Warfare জাতীয় বইপুস্তক গভীর মনযোগের সাথে অধ্যয়ন করতেন।

শরীফসসের আড্ডায় Economics, Philosophy, Sociology থেকে আসতেন নির্বাচিত সদস্যরা। পয়গম্বর প্রায়ই তাঁর bike এ বসতেন। অন্যরা ফুটপাথের কংক্রিটের উপর বসে আলচোনায় প্রবৃত্ত হতেন। Lingua franca অবশ্যই English। প্রথম দিন অনুপমের হাতে ছিল Edgar Allan Poe এর A collection of short stories। অনুপম বসেছে কংক্রিটের উপর - পাশে শায়িত Poe র glossy and attractive বইয়ের মলাট। Poeর বিশেষ গুণ হল ছোট গল্পকে আরও ছোট্ট format এ লেখা। পয়গম্বর অনুপমের দিকে তাকালেন - আনুষ্ঠানিক introductionএর আগেই বললেনঃ "You know, I read six short stories on a single page.
Oh, really?"
এভাবেই শুরু। শরীফসসের আড্ডায় আলোচনার বিষয়বস্তু হিসেবে থাকতঃ Western thoughts and Philosophies; Marxism, Existentialism, self and other, contranationalism, modernism, generationalism, cultural nationalism থেকে শুরু করে দেশীয় isms and thoughts। আড্ডার বদৌলতে আমরা তখন জেনে গেছি textual analysis and theoritical reading এর মূল মন্ত্র - যা departmental mates দের কাছে অনেকটা অজানা!

শরীফসসের আড্ডায় তখন বামদের(ultra-leftist) রাজত্ত। এক বিকেলে একজন বিশিষ্ট Dhaka medical college এর ছাত্র guest speaker হিসেবে এলেন। তুখোড় marxist। তাঁর মুখমন্ডলে greek sculptor এর আদলে দাঁড়ী ও গোঁফ। অনুপম প্রথম সাক্ষাতে এই বিশিষ্ট বামকে Oedipus এর আদলে দেখতে পেল। উনার বিষয় ছিল "A comparative study of Islam and Marxism" রাকা এবং অনুপম বিশিষ্ট বামকে প্রশ্নবাণে জর্জরিত করার প্রয়াসে লিপ্ত। উনি একটুও falter না করে আলোচনা চালিয়ে গেলেন। মধ্যে খানিকটা বিরতি। অনুপম বলেই ফেলল -
'Look Raka! He is every inch an Oedipus!'
ভদ্রলোক একেবারে আঁতকে উঠলেন,
'আপনি আমার মায়ের উপর চটলেন কেন?'
বলেই আবার আলোচনায় ফিরে গেলেন। ফিরার পথে অনুপমকে দুষ্টুমি হেসে রাকা জিজ্ঞেস করে,
'অনু তুমি নিশ্চয় উনাকে Spartakas এর চেহারার সামিল বলেই mean করেছিলে?'
বিশিষ্ট বামের এহেন প্রতিক্রিয়া অনুপম অনুধাবনে সক্ষম। দুজনে হেসেই আকুল।

Marxism যেন সবার ধ্যান ও ধারণায়। অনুপম বিশেষভাবে উত্তেজিত। এই মুর্তিমান অত্যাচার, শোষণ, ব্যাভিচারের পরিবর্তন অবশ্যই আনতে হবে। DU library এবং DU mosque এর লাগোয়া চত্তরে কবি সাহিত্যিক ও যাবতীয় craetive মানুষের আড্ডা। এক বিকেলে কবি শাহরিয়ার এসে উপস্তিত, উদ্দেশ্য - তাঁর সদ্যপ্রসুত 'মার্ক্সের মূয়াজ্জিন' কবিতাটি আবৃত্তি করে শুনাবে। ফলে ঘটনার আবর্তে সবাই আলোড়িত। এদিকে honours exam এগিয়ে আসছে। অনুপম বিশেষভাবে অস্তির - শ্রেণীসংগ্রামে অংশগ্রহন করবে নাকি exam এ বসবে? তখন রাকা বলল, 'We can engage intellectually with Marxism and other liberating isms! Nothing more than that! জীবন আমাদের একটাই - তা কি এই utopian carnival এ খরচ করব? Take lessons from Naxalite movement of West Bengal!' তাদের সবার রয়েছে চকবাঁধা জীবন যার থেকে ব্যতিক্রম নয়তো সম্ভব।

আরেক বিকেলে অনুপম ও রাকা IBA র আড্ডা শেষ করে সবে এসেছে শরীফসসে; যথারীতি ফুটপাথে উপবিষ্ট তারা এবং পয়গম্বর বসেছে তার stand করা bikeর সীটে। ঢাকঢোল বাজিয়ে একদঙ্গল লোকজন আর্ট কলেজের দিক থেকে এগিয়ে আসছে। আরও লক্ষণীয় হল তারা যে সব প্ল্যাকার্ড বহন করছে সে গুলো - 'Shake the street"; 'Theatre or Theatrical performance for life' ইত্যাদি, ইত্যাদি। শরীফসসের সামনের চত্তরে একটি এক চরিত্র নাটক 'চর কাঁকড়ার ডকুমেন্টারি' - একজন তরুণ উদীয়মান শিল্পীর অভিনয়ে জীবন পেল। নাটকের কলাকুশলীদের মধ্যে dramatist-academic সেলিম আলদিন এবং সুবর্ণা মুস্তফা ছিলেন। নাট্যকার সেলিমের সাথে দীর্ঘ জীবনধর্মী এবং নাটকে সাধারণ জীবনকে ধারণ করার প্রয়োজনীয়তা; একজন socially committed performing artist এর দায়বদ্ধতা আলোচিত হয়। অনুপম ও রাকা তখনই সিদ্ধান্ত নিল - বেইলি রোডের মহিলা সমিতি মঞ্চে যে বিল্পব ঘটছে সেই সুপানে অংশীদার হওয়ার সুযোগ হাতছাড়া করা যাবে না। এই sense of committment অনুপমকে utopia থেকে বেড়িয়ে

আসতে সাহায্য করে।

## আড্ডার বিয়োগান্ত পরিণতি

সব নদী একদিন সাগরে মিশে যাবে। DUর ত্রিমাত্রিক আড্ডাও বৃহত্তর জীবনে বীলিন হবে সেটাই সাভাবিক। IBA এবং শরীফসসের আড্ডার অন্যতম সদস্য রাকার অবর্তমানে অন্যান্য সদস্যরা ভগ্নহৃদয়। DUর বাইরের ও ভিতরের জীবনে কদর্যতা প্রকটভাবে বিকশীত। দেশে একটার পর একটা Military-power-pirates গদীনসীন। Politics and conflits between pro and anti-libertaion positions আড্ডায় উপস্তিত। বিগত পাঁচ বৎসরের বন্ধু তার মৌলবাদী মূর্ত্তিতে উপস্তিত এবং আড্ডা থেকে
অনুপস্তিত। IBA এর আড্ডা ক্ষীণ থেকে ক্ষীণতর। অনুপম ও মিনহাজ ঘন্টাখানেকের জন্য আড্ডায় আসে। শরীফসসের আড্ডাও ম্রীয়মান। আক্কাস পয়গ্মার masters complete করে বেশ আগেই বাবার law firm এ প্রতিষ্টিত।

শমশের মুনিম business এ ঢুকে পড়েছে। মিনহাজ টুকটাক কাজ করছে। অনুপম desperate একটা চাকুরীর জন্য। এর মধ্যে একটা multinational companyর Chittagong office এ অনুপমের চাকুরী হয়ে গেল। Appointment letter টি আড্ডার শেষ দুই সদস্য মাজহার ও মিনহাজের কাছে ছুড়ে দেয়। English litertaure পড়ে multinational এর সওদাগরী office এ চাকুরী! অনুপম এই offer বৃহত্তর সমাজের দুঃসময় এবং DU life এর শেষ প্রান্তে এসে আশাতীত blessings হিসেবে গ্রহন করল। ঠিক হল পরের দিন তিন বন্ধু মিলিত হয়ে আড্ডার যবনিকা টানবে। নয়টা থেকে শুরু করে IBAর আড্ডা ১১টায় শেষ হবে। যতই সময় গড়িয়ে যায়, ততই অনুপম মনে মনে অস্তির হয়ে উঠে। বুকের ভিতর মোচড় দিয়ে উঠছে আড্ডার সাথে বিচ্ছেদের বেদনা।

অনুপম দীর্ঘ সময় ধরে রয়েছে Western Academy তে। সে জানে তার অর্জন নিতান্তই নগন্য। মাঝে মাঝে অনুপম আলোড়িত হয় যখন সে অনুভব করে যে কোন intelectual journeyতে সে যখন অবতীর্ন হয় তা DU র আড্ডা থেকে আহরিত skills এর ব্যবহারে - নতুন নতুন exploration হচ্ছে সম্ভব।

— ডঃ খায়রুল হক চৌধূরী
সিডনী জানুয়ারী ২০১১